

শিষ্যত্বের বিকাশ

অপরিহার্য শিক্ষা

খ্রীষ্টীয় শাস্ত্রশিক্ষা
২য় পাঠ : এক ঈশ্বর

প্রকৃত একজনই ঈশ্বর আছেন এবং তিনি তিন ব্যক্তিসত্তায় অবস্থান করেন, এই বিশ্বাস কীভাবে খ্রীষ্টিয়ান জীবনকে প্রভাবিত করে? কেন ত্রিভু ঈশ্বরে বিশ্বাস করার শাস্ত্রশিক্ষা বিশ্বাসীর দৈনন্দিন জীবনে একটি পার্থক্য নিয়ে আসে?

একেশ্বরবাদী বহু বিশ্বধর্ম আছে, যার অর্থ, তারা কেবলমাত্র এক দেবতার উপাসনা করে। খ্রীষ্টিয় বিশ্বাস কেন আমাদের অন্যান্য একেশ্বরবাদী ধর্ম থেকে পৃথক করে? কোন্ শাস্ত্রশিক্ষা আমরা বিশ্বাস করি, যা অন্য সব ধর্ম থেকে আমাদের অনন্যরূপে পরিচয় দেয়?

বাইবেলে বর্ণিত প্রকৃত এক ঈশ্বরে বিশ্বাস করার অর্থ আপনি এক বিশিষ্ট ঈশ্বরকে স্বীকার করেন। তিনি এক মূল্যবান উপায়ে নিজেকে প্রকাশ করেন, সাধারণ আত্মিকতার কোনো ধোঁয়াটে “দেবতার” মতো নয়।

এমন কিছু সব লোকের দল আছে, যারা কোনো বিশেষ বিশ্বাসবিশিষ্ট সম্প্রদায়ের সঙ্গে যুক্ত থাকতে অনিচ্ছুক হয়, বরং তারা নিজেদের “আত্মিক” বলে জোর খাটায়। তারা “ঈশ্বর” বা দেবতাকে বিশ্বাস করে বলে পরিচয় দেয়, আর বলে, আকাশে কোথাও কোনও এক উচ্চতর ক্ষমতাসম্পন্ন কোনো এক শক্তি আছে। এ কি খ্রীষ্টিয়ানদের এক ঈশ্বরের ধর্মবিশ্বাসের তত্ত্ব ধারণ করে?

অবশ্যই তা নয়। বাইবেলে প্রকাশিত একমাত্র সত্যময় ঈশ্বরকে বিশ্বাস করার তাৎপর্য, আপনি এমন এক বিশিষ্ট ঈশ্বরকে স্বীকার করেন, যিনি নিজেকে নির্ভুল উপায়ে প্রকাশিত করেছেন, কোনো গড়পড়তা আত্মিকতার ধোঁয়াটে বা অস্পষ্ট “দেবতা” রূপে নয়।

কীভাবে খ্রীষ্টিয় ঐতিহ্য ঐশ্বরিক প্রকৃতির প্রকাশকে সারসংক্ষেপ করেছে?
ওয়েস্টমিনস্টার ক্যাটেকিস্মের দুটি প্রশ্ন এ-বিষয় আমাদের বুঝতে সাহায্য করবে।

প্রশ্ন ৫ : একের থেকে বেশি ঈশ্বর কি আছেন? উত্তর : কেবলমাত্র এক ও অণ্য, জীবন্ত ও সত্যময় ঈশ্বর আছেন।

প্রশ্ন ৬ : ঐশ্বরিক সত্তার মধ্যে কতজন ব্যক্তি আছেন? উত্তর : ঐশ্বরিক সত্তায় তিনজন ব্যক্তি আছেন: পিতা, পুত্র ও পবিত্র আত্মা; আর এই তিন হলেন এক ঈশ্বর, চরিত্রগতভাবে এক, ক্ষমতা ও মহিমার দিক দিয়েও সমমর্যাদাসম্পন্ন।

এই প্রশ্নগুলি ত্রি-সত্তা ঈশ্বর, অর্থাৎ ত্রিত্বকে বর্ণনা করে। বহু শতাব্দী ধরে তিন ব্যক্তিসম্পন্ন ঈশ্বরের ধারণা বহু মানুষকে বিভ্রান্ত করেছে। এটি বুঝে ওঠার পক্ষে ভীষণ কঠিন ধারণা, তার অর্থ এই নয় যে প্রসঙ্গটি আমরা এড়িয়ে যাব বা ত্রিত্ব ঈশ্বরকে বুঝে ওঠা ও আমাদের জীবনে তা প্রয়োগের ব্যপারটি ছেড়ে দেব।

কেন ত্রিত্ব ব্যপারটি বিবেচনা করার যোগ্য? কেন এটি বুঝে ওঠা আমাদের পক্ষে সর্বোত্তম যে, প্রভু যীশু হলেন পূর্ণরূপে ঈশ্বর ও পূর্ণরূপে মানুষ? কেন আমাদের মধ্যে বসবাসকারী পবিত্র আত্মা হলেন পূর্ণরূপে ঈশ্বর?

ত্রিত্ব ঈশ্বর সম্পর্কিত সত্যের বেশ কতগুলি অন্তর্নিহিত তাৎপর্য রয়েছে, যা অবশ্যই আমাদের হৃদয়কে ভক্তি ও উপাসনায় পূর্ণ করে। প্রথমত, ভেবে দেখুন, ঈশ্বর আমাদের কাছে নিজেকে পিতা-রূপে প্রকাশ করেছেন। প্রভু যীশুকে নিজের পুত্ররূপে না-পেলে তিনি আমাদেরও পিতা হতে পারেন না। শাস্ত্রে যে-রকম পিতা ও পুত্রের সম্পর্ক প্রকাশিত হয়েছে, আমরা যার প্রশংসা করি, ঈশ্বরের সন্তানরূপে ঈশ্বরের পরিবারে নিজেদের স্থান দেখে আমরাও বিস্ময়ে হতবাক হব।

পুরাতন নিয়মের সময়কালে, ঈশ্বর সম্পর্কে হিব্রুজাতির এ-রকমই এক অন্তরঙ্গ দৃষ্টিভঙ্গি ছিল। মেঘ ও আগুনের স্তম্ভে তাঁর সাক্ষাৎ উপস্থিতি, ভাববাদীদের মাধ্যমে তাঁর বার্তা প্রকাশ এবং তাঁর অলৌকিক সব হস্তক্ষেপ, নিশ্চিতরূপে ছিল এক জীবন্ত, কার্যকারী ও উপস্থিতরূপে বিদ্যমান ঈশ্বরের প্রকাশ।

যখন প্রভু যীশু এসেছিলেন, লোকেরা রক্তমাংসের ঈশ্বরের সঙ্গে জীবনযাপন করেছিল। অনেকে বুঝতেই পারেনি, তারা কী দেখেছিল। কিন্তু আমরা যখন ঈশ্বরের বাক্য পড়ি, আমরা আশ্চর্যাব্বিত হই যে, পুরাতন নিয়মের সেই একই ঈশ্বর তাঁর সৃষ্টির সঙ্গে জীবনযাপন করেছিলেন, তাদের জন্য প্রাণধারণ করে শেষে মৃত্যুবরণ করেছিলেন।

তারপর প্রভু যীশু যখন স্বর্গে নীত হলেন, তিনি তাঁদের কাছে পবিত্র আত্মাকে প্রেরণের প্রতিশ্রুতি দিয়ে শিষ্যদের ছেড়ে গেলেন। এ কোনো সান্ত্বনা পুরস্কার-স্বরূপ কিছু ছিল না। ইনি ছিলেন, তাঁদের পিতৃপুরুষদের সেই একই ঈশ্বর, তাঁদের প্রত্যেকের সঙ্গে বসবাস করার জন্য আসছিলেন। কী অপূর্ব বিষয়!

আমাদের জন্য, ত্রিত্ব ঈশ্বরের বাস্তবতা চোখে দেখা হল এ-রকম এক উপলব্ধি যে, ঈশ্বর তাঁর পূর্ণ পিতৃপরিচয় নিয়ে, প্রভু যীশুর ব্যক্তিসত্তায় ও আমাদের মধ্যে বসবাসকারী তাঁর পবিত্র আত্মায় আমাদের মধ্যে বিদ্যমান, যা আমাদের উল্লসিত হতে ও এক প্রত্যাশার জীবনযাপন করতে প্রেরণা দেয়। এর অতিরিক্তরূপে, তিন ব্যক্তিরই সবসময় পূর্ণরূপে ঈশ্বর, এই সত্য এক স্বস্তিস্বরূপ। কোন্ ঈশ্বর আমাদের কাছে উপলব্ধ হবেন, এ-নিয়ে আমাদের দুশ্চিন্তা করার কোনও কারণ নেই। সার্বভৌম পিতা রাজা, উর্ধ্বে নীত প্রভু যীশু ও মহান সান্ত্বনাদাতা সদাই উপস্থিত ও আমাদের প্রয়োজনে উপলব্ধ আছেন। কল্পনা করুন, ঈশ্বরত্বের পূর্ণ তিন ব্যক্তি নিরন্তর উপস্থিত ও তাঁর লোকদের কাছে তিনি উপলব্ধ।

অন্যান্য একেশ্বরবাদী ধর্মের সঙ্গে আপনি যখন খ্রীষ্টিয়ানদের ঈশ্বরকে তুলনা করবেন, আপনি দেখবেন, তাদের দেবতারা অত্যন্ত একমাত্রিক। তারা হবেন হয়তো এক বীর ষোদ্ধা দেবতা, কিংবা কোনো ক্রুদ্ধ দেবতা, বা প্রয়োজনের সময় দুর্লভ দেবতা। কিন্তু ত্রিত্ব ঈশ্বরের ক্ষেত্রে, বাইবেলের ঈশ্বর নিজেকে তাঁর প্রজাদের কাছে স্রষ্টা, পিতা, প্রতিরোধকারী, রক্ষক, শিক্ষক, আশ্বাস বা সান্ত্বনাদাতা, পরিত্রাতা, ন্যায়বিচারক, বন্ধু ও পরামর্শদাতারূপে প্রকাশ করেছেন। প্রকৃতই, আমাদের সব প্রয়োজন তিনি মেটান ও তাঁর রাজ্যের উদ্দেশ্যে আমাদের পূর্ণরূপে সুসজ্জিত করেন।

ত্রিত্ব ঈশ্বরের কোনো অংশকে অস্বীকার করার অর্থ হল, বাইবেলের ঈশ্বরকে প্রকৃতরূপে বিশ্বাস করতে বিরত হওয়া। যদি ঈশ্বরকে আমরা পিতারূপে অস্বীকার করি, খ্রীষ্টকে একজন উৎকৃষ্ট শিক্ষক ছাড়া আর কিছু ভাবি না, কিংবা পবিত্র আত্মাকে চরিত্র, ক্ষমতা ও মহিমার দিক দিয়ে ঈশ্বরের সমমর্যাদাপূর্ণ মনে করি না, তাহলে আমরা এক ভ্রান্ত ধর্মবিশ্বাস আঁকড়ে ধরে আছি ও খ্রীষ্টিয় বিশ্বাসকে অগ্রাহ্য করেছি।

ত্রিত্ব ঈশ্বরের শাস্ত্রশিক্ষা বুঝে ওঠার পক্ষে কঠিন, কিন্তু একবার তা যদি বিশ্বাসে আঁকড়ে ধরে ফেলা হয়, তা জীবনের প্রতিটি ক্ষেত্রে শান্তি ও আনন্দ নিয়ে আসে। এই শিক্ষা হল অধ্যয়ন করার যোগ্য, প্রার্থনা করার ও আলিঙ্গন করার উপযুক্ত।

অতিরিক্তরূপে, তিন ব্যক্তিরই সবসময় পূর্ণরূপে ঈশ্বর, এই সত্য এক স্বস্তিস্বরূপ। কোন্ ঈশ্বর আমাদের কাছে উপলব্ধ হবেন, এ নিয়ে আমাদের দুশ্চিন্তা করার কোনও কারণ নেই। সার্বভৌম পিতা রাজা, উর্ধ্বে নীত প্রভু যীশু ও মহান সান্ত্বনাদাতা সবসময়ই উপস্থিত এবং আমাদের প্রয়োজনে উপলব্ধ আছেন।

পুনর্মূল্যায়ন

- যেখানে বহু ধর্ম একেশ্বরবাদী, কেবলমাত্র খ্রীষ্টিয় বিশ্বাস ত্রিত্ব ঈশ্বরের ধারণাকে, অর্থাৎ পিতা, পুত্র ও পবিত্র আত্মায় বিশ্বাস করে।
- ত্রিত্ব ঈশ্বরের কোনো অংশকে পূর্ণ ঈশ্বররূপে অস্বীকার করার অর্থ, বাইবেলের ঈশ্বরকে অস্বীকার করা।
- ত্রিত্ব ঈশ্বর নিরন্তর, পূর্ণরূপে ও অপরিবর্তনীয়রূপে সবসময়ই ত্রিত্ব ঈশ্বর থাকেন, এই সত্য আশ্বাস প্রদানকারী। তিন ব্যক্তিই তাঁর প্রজাদের কাছে উপস্থিত ও উপলব্ধ, যেন আমাদের যখন যা প্রয়োজন, আমরা তা পাই।
- ত্রিত্ব ঈশ্বর সম্পর্কিত শাস্ত্রশিক্ষা কঠিন বলে, তা অধ্যয়ন করার ও বুঝে না-ওঠার পক্ষে কোনো অজুহাত হতে পারে না। অধ্যয়ন করুন ও ত্রিত্ব ঈশ্বরের সত্যে ঈশ্বরের মঙ্গলময়তার কারণে উল্লসিত হোন।

আপনার মন্তব্য

- ত্রিত্ব ঈশ্বরের কোন্ ব্যক্তিসত্তা আপনার পক্ষে বুঝে ওঠা ও বিশ্বাস করা কঠিন? প্রার্থনা করুন ও ঈশ্বরকে বলুন, যেন তিনি তাঁর নিজের প্রকৃতি আপনার কাছে প্রকাশ করেন। প্রার্থনা করুন যেন, এই সত্য আপনার জীবনেও প্রয়োগ করার জন্য তিনি আপনাকে সাহায্য করেন।
- কীভাবে ঈশ্বরের ত্রিত্ব-বিষয়ক শিক্ষা আপনাকে শেখানো হয়েছে? কীভাবে আপনি অন্য কারও কাছে ব্যাখ্যা করবেন যে, ঈশ্বর হলেন এক ঈশ্বর কিন্তু তিন ব্যক্তিসত্তায় বিরাজমান?

বাইবেলের পদগুলি বাংলা পবিত্র
বাইবেল (কেরী সংকলন) থেকে
নেওয়া হয়েছে। কপিরাইট © দ্য
বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া,
২০৬ মহাত্মা গান্ধী রোড,
ব্যাঙ্গালোর - ৫৬০ ০০১।

এই সকল বিষয়বস্তু জগতের
মানুষের কাছে প্রভু যীশু খ্রীষ্টের
সুসমাচার প্রচারের উদ্দেশ্যে
বিনামূল্যে যতদিন খুশি ব্যবহার
করতে পারেন। সকল
বিষয়বস্তুগুলির কপিরাইট
©2019Trans World Radio Canada
-র অধীনস্থ। লাইসেন্সের বিষয়ে
অধিক জানার জন্য দেখুন
www.discipleshipessentials.org/licensing